

ভর্তি বিজ্ঞপ্তি

(এম.এস-সি. ইঞ্জিঃ/এম.এস-সি./পিএইচ.ডি প্রোগ্রাম)

অত্র বিশ্ববিদ্যালয়ে জানুয়ারী-২০১৫ সেমিষ্টারে পুরকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, যন্ত্রকৌশল, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, এনার্জি টেকনোলজি এবং বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে পিএইচ.ডি ও এম.এস-সি. ইঞ্জিঃ প্রোগ্রামে এবং গণিত, রসায়ন ও পদার্থ বিদ্যা বিভাগে পিএইচ.ডি ও এম.এস-সি. প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নলিখিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- আগামী ২৪/১১/১৪ হতে ১৪/১২/১৪ ইং তারিখ পর্যন্ত শিক্ষা শাখায় যোগাযোগের পর ফরম বাবদ (জমা রশিদের মাধ্যমে শিক্ষাশাখা কর্তৃক স্বাক্ষরের পর) ৫০/- (পঞ্চাশ) টাকা ব্যাংকে জমা দিয়ে জমা রশিদের মাধ্যমে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখা হতে ফরম সংগ্রহ করা এবং দরখাস্ত জমা দেয়া যাবে।
- দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১৪/১২/২০১৪ ইং।
- দরখাস্তের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে এম. ইঞ্জিনিয়ারিং/এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং/৪ বছরের বি.এস-সি. (সম্মান) সহ এম.এস-সি./এম.ফিল বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। এম. ইঞ্জিনিয়ারিং/এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং/৪ বছরের বি.এস-সি. (সম্মান) সহ এম.এস-সি./এম.ফিল বা এর সমতুল্য ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।
 - এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয় হতে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা এর সমতুল্য ডিগ্রীতে সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।
 - এম.এস-সি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে গণিত, রসায়ন, পদার্থবিদ্যা বিষয়ে ০৪(চার) বছরের বি.এস-সি.(সম্মান) অথবা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। ০৪(চার) বছরের বি.এস-সি.(সম্মান) অথবা এর সমতুল্য ডিগ্রীর সস্বেদ জনক ফলাফলের উপর ভিত্তি করে প্রার্থী নির্বাচন করা হবে।
 - এম.এস-সি. ইঞ্জিনিয়ারিং এবং এম.এস-সি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর অবশ্যই বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রী/৪ বছরের বি.এস-সি.(সম্মান) ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.65 (Out of 4.00) এবং এম.এস-সি. ও এইচ.এস-সি. তে CGPA 3.50(Out of 5.00) থাকতে হবে।
- দরখাস্তের সাথে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বরাবর অন্য যে কোন জনতা ব্যাংক লিঃ এর শাখা হতে জনতা ব্যাংক লিঃ, কুয়েট শাখা, খুলনা এর উপর ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট অথবা শিক্ষা শাখা হতে ফি জমা রশিদের মাধ্যমে (শিক্ষা শাখা কর্তৃক স্বাক্ষরের পর) নগদ ২০০/- (দুইশত) টাকা জনতা ব্যাংক লিঃ, কুয়েট শাখায় জমা দিয়ে জমা রশিদ দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। এ বিশ্ববিদ্যালয়ে চাকরীরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।
- চাকরীরত প্রার্থীগণকে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনুমতিসহ আবেদন করতে হবে।
- উল্লিখিত বিভাগ সমূহে বর্ণিত প্রোগ্রাম সমূহে পূর্ণ বা খন্ডকালীন ছাত্র/ছাত্রী হিসেবে ভর্তি হতে পারবে।
- শুধুমাত্র পূর্ণকালীন ও অধিকতর যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিয়মানুযায়ী টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Teaching Assistantship) প্রদান করা হবে। ভর্তির পর পরিচালক(গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্টেন্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।
- আগামী ২৪/১২/১৪ইং তারিখ রোজ বুধবার বিকাল ৩:০০ ঘটিকায় প্রার্থী নির্বাচনের জন্য মৌখিক/লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রার্থীকে অত্র বিশ্ববিদ্যালয়ের স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধানের অফিসে নির্ধারিত সময়ে উপস্থিত হতে হবে।
- আগামী ৩০/১২/১৪ইং তারিখ রোজ মঙ্গলবার চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে।
- নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত ফিস পরিশোধান্তে আগামী ০১/০১/১৫ইং হতে ১৫/০১/১৫ইং তারিখের মধ্যে ভর্তি হতে হবে এবং রেজিস্ট্রেশন করতে হবে।

(মোঃ আব্দুর রউফ)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/সংস্থাপন/৯৩৭/১০০

তারিখ : ২০/১১/১৪ইং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ডীন, সকল অনুসদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- রেজিস্ট্রার,
- আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকলের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- অধ্যক্ষ,
- আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকলের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- প্রধান প্রকৌশলী,
- আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকলের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- সভাপতি/সাধারণ সম্পাদক,
- আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট সকলের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। ভিসি মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ।
- সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- অফিস নথি।

সহকারী রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়